2. Existing Idea Prepaid subscribers of Vodafone Idea Limited (formerly Idea Cellular Limited), Kolkata Circle, on tariff plans for greater than 180 days, effective from 18/09/2020 shall be on tariff plan^ of 2.5p/sec for all Local & STD voice, video & VoLTE calls; 4p/10KB for Data (4G/3G/2G as available); SMS tariff of ₹1 for Local, ₹1.5 for National, ₹5 for International SMS and shall have to recharge with ₹46 or any applicable recharge* to avail the benefits under this tariff plan. In case of recharge with STV/Combo Voucher, the validity of tariff plan will be extended with validity of STV/Combo Voucher. In case of non-recharge with a voucher of ₹46 or any other applicable recharge, at the end of tariff validity period, Vodafone Idea Limited reserves the right to provide the plan benefit in a curtailed manner during the grace period of up to 7 days. In case this recharge condition is not met, post the grace period, the services will be suspended.
3. Idea Prepaid subscribers of Vodafone Idea Limited (formerly Idea Cellular Limited), Kolkata Circle, who have not completed 180 days on tariff plan, will qualify for the above condition once they complete 180 days on their plan.

^Home tariff
*For list of applicable recharges, visit www.ideacellular.com

**Vodafone Idea Limited (formerly Idea Cellular Limited)**
An Aditya Birla Group & Vodafone Partnership

**Registered Office:** Suman Tower, Plot No 18, Sector 11, Gandhinagar - 382 011, Gujarat.
T: +91 79 6671 4000 | F: +91 79 2323 2251 | CIN: L32100GJ1996PLC030976

**An idea can change your life**

SPML Engineering Life

# SPML INFRA LIMITED

**CIN:** L40106DL1981PLC012228
Registered Office : F-27/2, Okhala Industrial Area, Phase-II, New Delhi- 110020
Website: www.spml.co.in, email-id : info@spml.co.in

Extract of Standalone and Consolidated Audited Financial Results for the Quarter and Financial Year ended 31st March, 2020 (Rs. in Lakhs)

| STANDALONE | | | | | | PARTICULARS | CONSOLIDATED | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Quarter Ended | | | Year Ended | | | | Quarter Ended | | | Year Ended | |
| 31.03.2020 (Unaudited) | 31.12.2019 (Unaudited) | 31.03.2019 (Unaudited) | 31.03.2020 (Audited) | 31.03.2019 (Audited) | | | 31.03.2020 (Unaudited) | 30.12.2019 (Unaudited) | 31.03.2019 (Unaudited) | 31.03.2020 (Audited) | 31.03.2019 (Audited) |
| 25,767.52 | 26,522.92 | 39,201.39 | 107,308.69 | 1,429,325.56 | 1. | Total income from operations | 39,796.26 | 43,940.98 | 64,923.64 | 181,513.97 | 207,663.80 |
| (523.42) | (902.38) | 2,093.93 | 158.29 | 6,733.74 | 2. | Net Profit for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | 762.49 | (870.18) | 2,861.18 | 2,447.82 | 5,218.93 |
| (523.42) | (902.38) | 2,093.93 | 158.29 | 6,733.74 | 3. | Net Profit for the period before tax (after Exceptional and/or Extraordinary items#) | 762.49 | (870.18) | 2,861.18 | 2,447.82 | 5,218.93 |
| 91.38 | (1,532.11) | 1,283.91 | 241.80 | 4,961.83 | 4. | Net Profit for the period after tax (after Exceptional and/or Extraordinary items#) | 490.61 | (1,373.81) | 1,843.80 | 659.13 | 3,973.34 |
| 531.24 | (1,538.64) | 800.33 | 699.81 | 4,524.36 | 5. | Total Comprehensive Income for the period | 921.12 | (1,380.10) | 1,365.77 | 1,109.10 | 3,549.78 |
| 819.45 | 819.45 | 819.45 | 819.45 | 819.45 | 6. | Equity Share Capital | 819.45 | 819.45 | 819.45 | 819.45 | 819.45 |
| | | | | | 7. | Earnings Per Share (of Rs.2/- each) in Rs. | | | | | |
| 0.25 | (4.18) | 3.50 | 0.66 | 13.54 | 8. | Basic & Diluted | 1.34 | (3.75) | 5.03 | 1.80 | 10.84 |

**# The Company does not have any Exceptional and Extraordinary items to report in above periods**

**Note:**
1. The above is an extract of the detailed format of Audited Standalone and Consolidated Financial Results for the quarter / financial year ended 31st March, 2020 filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Audited Standalone and Consolidated Financial Results for the quarter / financial year ended 31st March, 2020 are available on the websites of the Stock Exchange(s) i.e NSE at www.nseindia.com and BSE at www.bseindia.com and the Company's website www.spml.co.in
2. The Audited Standalone and Consolidated Financial Results for the quarter /financial year ended 31st March, 2020 was approved by the Audit Committee and the Board of Directors of the Company in their respective meetings held on 18th August, 2020.

**For SPML Infra Limited**
**Sd/-**
**Subhash Chand Sethi**
**Chairman**
**DIN: 00464390**

**Dated: 18th August, 2020**
**Place: Kolkata**

## রবিনসন স্ট্রিট-কাণ্ডের ছায়া

# ৩ দিন ধরে বাবার মৃতদেহ আগলে রাখল মেয়ে!

আজকালের প্রতিবেদন





বাঁদিকে মেয়ে নীলাঞ্জনা চ্যাটার্জি। ওপরে মৃত রবীন্দ্রনাথ চ্যাটার্জি।

মৃত বাবার দেহ আগলে মেয়ে। রবিনসন স্ট্রিট কাণ্ডের ছায়া এবার সরশুনায়। ৩ দিন আগে ৮৭ বছরের বৃদ্ধ রবীন্দ্রনাথ চ্যাটার্জি নিজের বাড়িতেই প্রয়াত হয়েছেন। ঘরে দেহ পচন ধরায় দুর্গন্ধ পেয়ে প্রতিবেশীরা থানায় খবর দিলে, পুলিশ দেহ উদ্ধার করে। পুলিশ দরজা ভেঙে দেখে, মেয়ে নীলাঞ্জনা বৃদ্ধের খাটে পড়ে থাকা দেহের পাশেই বসে। তদন্তে জানা যায়, ২ বছর আগে নীলাঞ্জনার মা ও দাদার দেহ ঘরেই পড়ে ছিল। তাঁদেরও পচা গলা দেহ উদ্ধার করেছিল পুলিশ। নীলাঞ্জনা মানসিক ভারসাম্যহীন বলে জানতে পেরেছে পুলিশ। হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে চিকিৎসার জন্য। এদিন স্থানীয়রা লক্ষ্য করেন, রবীন্দ্রনাথ চ্যাটার্জির বাড়ি থেকে দুর্গন্ধ বের হচ্ছে। অনেক ডাকাডাকিতেও সাড়া না দেওয়ায় পুলিশে খবর দেন প্রতিবেশীরা। বৃদ্ধ রবীন্দ্রনাথবাবুকে বেশ কয়েকদিন বাড়ির বাইরে দেখা যায়নি। সম্ভবত বার্ধক্যজনিত অসুখে ভুগেই তিনি মারা গেছেন। কীভাবে মৃত্যু হল বাবার, এ প্রশ্নের উত্তরে নীলাঞ্জনা অসংলগ্ন কিছু তথ্য দিয়েছেন। পুলিশ ওই দেহ তুলে ময়নাতদন্তে পাঠায়। ঘরের ভেতর জিনিসপত্র ছড়ানো ছেটানো ছিল। অগোছালো ঘরেই তারা দীর্ঘদিন থাকতেন বলে মনে করছে পুলিশ।

রবিনসন স্ট্রিটেও পার্থ দে দিদির দেহ আগলে রেখেছিলেন। একটি ঘটনার তদন্তে যাওয়ার পরেই পুলিশ জানতে পারে, মৃত দিদির দেহ আগলে রেখেছিলেন পার্থ দে। সরশুনা কাণ্ডে ওই বাড়ির জীবিত আর কেউ আছেন কি না তার খোঁজ করছে পুলিশ। বাড়িটি তালা দিয়ে রাখা হয়েছে। মৃত রবীন্দ্রনাথবাবুর আধার কার্ডের তথ্য অনুযায়ী ১৯৩৩ সালে জন্মগ্রহণ করেছেন। তিনি পেশায় কী করতেন বা নীলাঞ্জনা কী করেন, স্থানীয় সূত্রে পুলিশ সেসব জানার চেষ্টা করছে।

নীলাঞ্জনার মা ও দাদার মৃত্যুর পর দেহ আগলে রাখার ঘটনা ঘটেছিল। সেই সূত্রেই এদিনও পচা গন্ধ পেয়ে সন্দেহ হয় প্রতিবেশীদের। পরে তাঁরা জানতে পারেন, বাবার দেহও আগলে রেখেছিলেন নীলাঞ্জনা।

## মৃত ২ বাইক আরোহীকে হিঁচড়ে নিয়ে ছুটল বাস

আজকালের প্রতিবেদন

বাইকে চেপে অনলাইন সামগ্রী পৌঁছে দিতে যাচ্ছিলেন ২ জন। মৌলালি ক্রসিংয়ে ২৪০ নম্বর রুটের একটি বেসরকারি বাস ধাক্কা দিলে বাইক আরোহীরা বাসের নীচে চলে যান। চালক বাস না থামিয়ে টেনে হিঁচড়ে দুজনকেই অনেক দূর নিয়ে যায়। পথচারীরা চিৎকার করে ওঠেন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে দুজনকেই মৃত ঘোষণা করে। এরা দুজনেই আত্মীয়। একই ঠিকানার বাসিন্দা। নাম মণীশ কুমার ঝা এবং রোহন ঝা। দুজনেরই বয়স ২০ বছর। কলকাতায় একদিনে ২টি পৃথক পথদুর্ঘটনায় ৩ জনের মৃত্যু হল। বুধবার মানিকতলা থানা এলাকায় রাস্তা পার হচ্ছিলেন ৬০ বছরের বৃদ্ধা পূর্ণিমা ঘোষ। ২১১ নম্বর রুটের একটি বাস তাঁকে চাপা দেয়। ঘটনাস্থলেই বৃদ্ধার মৃত্যু হয়। এন্টালির ঘটনায় পুলিশ জানিয়েছে, বাস বাজেয়াপ্ত হলেও চালক পালিয়ে যায়। কিন্তু মানিকতলার ঘটনায় চালককে গ্রেপ্তার করা গেছে। বাস বাজেয়াপ্ত করা হয়েছে।

## কোভিডে মৃত পুরকর্মীর পরিবারকে চাকরি

আজকালের প্রতিবেদন

**করোনায় আক্রান্ত হয়ে মৃত পুরকর্মীর পরিবারের একজনকে নিয়োগের প্রক্রিয়া শুরু করল কলকাতা পুরসভা। কোভিডে মৃত কর্মীদের তালিকা তৈরি করে দ্রুত জমা দেওয়ার নির্দেশ দিয়ে সম্প্রতি বিজ্ঞপ্তি জারি করেছে পুর কর্তৃপক্ষ। দপ্তরগুলিতে এই নির্দেশিকা পাঠানো হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী পুরসভার বিভিন্ন দপ্তরে মৃতদের তালিকা তৈরি করতে হবে। মৃতের পরিবারের একজনকে চাকরি দেওয়া হবে। যাঁরা করোনা যুদ্ধে জয়ী হয়ে ফিরে এসেছেন তাঁদের সম্মানিত করা হবে। পুরসভার একাংশের বক্তব্য, রাজ্য সরকার আগেই ঘোষণা করেছিল করোনা আক্রান্ত হয়ে মৃত সরকারি কর্মীর পরিবারের একজনকে চাকরি দেওয়া হবে। সেইমতো কলকাতা পুরসভা কাজ শুরু করল। প্রতিটি দপ্তর থেকে করোনা আক্রান্ত কর্মীর বিস্তারিত তথ্য দিয়ে তালিকা জমা দিতে বলা হয়েছে।**



ভবানীপুর গণপতি ভক্তমণ্ডলীর গণেশপুজো। ছবি: বিজয় সেনগুপ্ত

# জৌলুসহীন গণেশপুজোয় এবার জোর সতর্কতায়

সম্বৃতা মুখার্জি

ভক্তি আছে, আড়ম্বর নেই। কোভিড পরিস্থিতিতে জৌলুসহীন এবছরের গণেশ পুজো। কোথাও কোথাও হচ্ছে ভার্চুয়াল পুজো। যা প্রতিমা দেখা যাচ্ছে বেশির ভাগই মাঝারি মাপের। মণ্ডপের সাজসজ্জাও সাদামাটা। দর্শক টানার চেয়ে, সামাজিক দূরত্ব বিধি বজায় রাখার দিকেই এবছর বেশি নজর দিতে চাইছেন উদ্যোক্তারা। সংক্রমণ যাতে না ছড়ায় তা নিয়ে সতর্ক তাঁরা।

শনিবার গণেশ পুজো। তার আগে বৃহস্পতি এবং শুক্রবার লকডাউন। তাই বুধবারই প্রতিমা চলে এসেছে বিভিন্ন মণ্ডপে। ভবানীপুর রাখাল মুখার্জি রোডের গণপতি ভক্তমণ্ডলীর পুজোতে এ বছর গণেশের পাশাপাশি নারায়ণ পুজোরও আয়োজন থাকছে। পুজোর সেক্রেটারি গোপী ঠক্কর জানিয়েছেন, 'অন্য বছরের তুলনায় জাঁকজমক কম। দর্শকদের মাস্ক এবং স্যানিটাইজার দেওয়ার ব্যবস্থা থাকছে। প্রতিমা ডিজাইন করেছেন মুম্বইয়ের শিল্পী মিতেষ পাভেকর। তৈরি করেছেন প্রয়াত শিল্পী অরুণ পাল।'

সল্টলেক যুবক সঙ্ঘ এবার পুজোয় নিয়ে এসেছে অভিনবত্ব। পুজো কমিটির প্রেসিডেন্ট অনিন্দ্য চ্যাটার্জির উদ্যোগে ভার্চুয়াল বা ডিজিটাল পুজোর আয়োজন করা হয়েছে জমায়েত এড়াতে। সল্টলেক যুবক সঙ্ঘের ফেসবুক পেজে গিয়ে রেজিস্টার করতে হবে। সেখানে নাম গোত্র দিয়ে পুজো দেওয়া যাবে রাজ্যের যে-কোনও প্রান্ত থেকে। প্রসাদ পাঠিয়ে দেওয়া হবে। বুধবার পুজোর উদ্বোধনে ছিলেন মন্ত্রী সুজিত বসু, বিধাননগর পুরনিগমের মেয়র কৃষ্ণা চক্রবর্তী, মদন মিত্র, অভিনেত্রী ঋতাভরী-সহ অন্যরা।

সল্টলেকের গণেশ পুজোয় এবার মেলা হচ্ছে না। বৈশাখীর কাছে যুব ইউনাইটেড ক্লাব এবং সি এফ ব্লকের সল্টলেক মৈত্রী সঙ্ঘের পুজো উপলক্ষে প্রতি বছর আলো দিয়ে সাজানো রাস্তার দু'ধারে বসে কয়েক শো দোকান। মুম্বই থেকে আসেন কণ্ঠশিল্পী, অভিনেতা, অভিনেত্রীরা। কিন্তু এবছর সে সব কিছুই নেই, পুজো কমিটির প্রেসিডেন্ট ও বিধাননগর পুরসভার কাউন্সিলর অনিতা মণ্ডল জানালেন, 'একদম ছোট্ট মণ্ডপ করা হয়েছে। এবছরও আমাদের বন্দনা হবে। আর কোনও অনুষ্ঠান হবে না।' সল্টলেক মৈত্রী সঙ্ঘের পুজোতেও নেই আড়ম্বর। পুজোর আয়োজন সামান্যই। সোশ্যাল ডিস্ট্যান্স বজায় রাখার ব্যবস্থা থাকছে।

কুমোরটুলি মৃৎশিল্পী সংস্কৃতি সমিতির তরফে বাবু পাল জানালেন, 'লকডাউনের আগে বেশ কিছু বড় বড় গণেশ তৈরি হয়ে গেলেও সেগুলো কিছুই বিক্রি হয়নি। যা হয়েছে সাড়ে তিন থেকে ৪ ফুট মাপের গণেশ। অন্যান্য বছর আড়াই হাজারের কাছাকাছি প্রতিমা বিক্রি হয়ে যায়। এবছর ১ হাজারে নেমেছে সেই সংখ্যা।' তবে গণেশ পুজোই প্রতি বছর আপামর বাঙালির কাছে শারদীয়ার বার্তা বয়ে আনে। এই পুজো দিয়ে উৎসবের মরশুমের শুভ সূচনা হয়। আর এবছর গণেশ পুজোর মাধ্যমেই কিছুটা আভাস পাওয়া যাবে কোভিড পরিস্থিতিতে দুর্গাপুজো কেমন হতে চলেছে।

১৯ আগস্ট ২০২০
স্বাস্থ্য বুলেটিন এক ঝলকে
**কোভিড–১৯ আপডেট**

| | |
|---|---|
| আজ সর্বমোট স্যাম্পল পরীক্ষা | ৩৪,৩৫৮ |
| নতুন সংক্রমণ | ৩,১৬৯ |
| আজ কোভিড মুক্ত | ২,৯৭৩ |
| রাজ্যে মৃত্যুর হার | ২.০৫% |
| রাজ্যে সুস্থতার হার | ৭৫.৯৭% |
| সর্বমোট কোভিড মুক্ত | ৯৫,৬৬৩ |
| আজকের দিনে রাজ্যে মোট কোভিড–১৯ পজিটিভ | |
| হোম আইসোলেশনে | ১৯,৭৬৯ |
| সেফ হোমে | ১,৯৫২ |
| হাসপাতালে চিকিৎসাধীন | ৫,৯৫৭ |

যে কোনও অনুসন্ধানের জন্য ফোন করুন ১৮০০ ৩১৩ ৪৪৪ ২২২ নম্বরে এবং কোভিড চিকিৎসা সংক্রান্ত সকল প্রশ্নের উত্তর দিতে ১টাই নম্বরের ৩২টি লাইনে ২৪x৭ থাকছেন ৯৬ জন ডাক্তার। ফোন করুন ০৩৩ ২৩৫৭ ৬০০১ (Direct) নম্বরে।

সুস্থ থাকুন, ভাল থাকুন

পশ্চিমবঙ্গ সরকার ICA-999(18)/2020

## আরও খবর

### গভীর রাতে আগুন, দোতলা থেকে ঝাঁপ

গভীর রাতে হঠাৎ আগুন ধরে একতলায় থাকা একটি লন্ড্রিতে। ঘুমের মধ্যে ধোঁয়ায় শ্বাসকষ্ট শুরু হওয়ায় দোতলা থেকে এক দম্পতি–সহ আরও ২ জন আতঙ্কিত হয়ে নীচে ঝাঁপ দেন। আশঙ্কাজনক অবস্থায় আরজি কর হাসপাতালে চিকিৎসা চলছে প্রতিমা প্রধানের। তাঁর স্বামী দিলীপ প্রধানকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেওয়া হয়েছে। মঙ্গলবার রাত ১টা নাগাদ বিকে পাল লেনে একটি তিনতলা বাড়ির একতলায় আগুন লাগে। দমকলের ৩টি ইঞ্জিন এসে আগুন নেভায়।

### অ্যাপ খুলে বিদেশিদের প্রতারণা, ধৃত ৩

ভুয়ো অ্যাপ খুলে প্রতারণা। কলকাতা পুলিশের সাইবার থানা সার্ভে পার্ক এলাকা থেকে রোহিত ভগৎ, কিষান সিং এবং সাগর লিম্বাকে গ্রেপ্তার করেছে। টেল্টা নামে একটি অ্যাপ খুলে একটি অফিসও শুরু করে তারা। বিভিন্ন নম্বরে ফোন করে অ্যাপটি ডাউনলোড করতে বলে। মূলত, অস্ট্রেলিয়ার বাসিন্দাদের কাছেই ওই অনুরোধ। কম্পিউটারে ভাইরাস সরিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট জেনে টাকা হাতিয়ে নিত। পুলিশ প্রচুর পরিমাণে এটিএম কার্ড, বিদেশি নাগরিকদের নথি উদ্ধার করেছে। ধৃতদের ২৬ আগস্ট পর্যন্ত পুলিশ হেফাজতে রাখার নির্দেশ দিয়েছে আদালত।

### প্রতারকের পুলিশ হেফাজত

বৃদ্ধাকে দেখাশোনা করতে গিয়ে নগদ ১০ লাখ টাকা ও ৩ লাখ টাকার সোনার গয়না হাতিয়ে ধরা পড়ল নিরঞ্জন সিহাল নামে বৃদ্ধার গাড়িচালক। মানিকতলার বাসিন্দা ওই বৃদ্ধার ছেলে লন্ডনে থাকেন। মায়ের দেখাশোনার জন্য বহাল গাড়ির চালক ও কাজের মহিলা ১ বছর ধরে ধাপে ধাপে টাকা তুলে নেয়। চালকের ২৭ আগস্ট পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

CENTURYPLY®

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেড
CIN: L20101WB1982PLC034435)
রেজিস্টার্ড অফিস: পি ১৫/১, তারাতলা রোড, কলকাতা–৭০০ ০৮৮
টেলি: (০৩৩) ৩৯৪০ ৩৯৫০; ফ্যাক্স: (০৩৩) ২৪০১ ৫৫৫৬;
ওয়েবসাইট: www.centuryply.com; ইমেল: investors@centuryply.com

**৩৯তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি, বই বন্ধের তারিখ এবং ই–ভোটিং তথ্য**

এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিঃ–এর সদস্যদের ৩৯তম বার্ষিক সাধারণ সভা (''এজিএম'') বুধবার, ৯ সেপ্টেম্বর, ২০২০ সকাল ১১.০০টায় ভিডিও কনফারেন্সিং (''ভিসি'')/অন্যান্য অডিও ভিসুয়াল মাধ্যমে (''ওএভিএম'') আয়োজিত হবে যেখানে ২৬ জুন, ২০২০ তারিখের এজিএম বিজ্ঞপ্তি অনুযায়ী বিষয়সমূহ আলোচনা করা হবে। এজিএম সাধারণ স্থানে সদস্যদের শারীরিক উপস্থিতি ছাড়াই অনুষ্ঠিত হবে। চলতি অতিমারী কোভিড–১৯ পরিপ্রেক্ষিতে কর্পোরেট বিষয়ক মন্ত্রক দ্বারা জারিকৃত সার্কুলার নং ২০/২০২০ তারিখ ৫ মে, ২০২০, সঙ্গে পঠিতব্য সার্কুলার নং ১৪/২০২০ তারিখ ৮ এপ্রিল, ২০২০ এবং সার্কুলার নং ১৭/২০২০ তারিখ ১৩ এপ্রিল, ২০২০ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া দ্বারা জারিকৃত ১২ মে, ২০২০ তারিখের সার্কুলার নং SEBI/HO/CFD/CMD1/CIR/P/2020/79–সহ পঠনীয় দি কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ ও এর অধীনে গঠিত রুলসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন ২০১৫–এর প্রযোজ্য সংস্থানসমূহ অনুসারে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

এজিএম বিজ্ঞপ্তি ও আর্থিক বর্ষ ২০১৯–২০ সময়ের বার্ষিক প্রতিবেদন বৈদ্যুতিন মাধ্যমে সে সকল সদস্যদের প্রেরণ করা হয়েছে যাদের ইমেল ঠিকানা কোম্পানির রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট/ডিপোজিটরি পার্টিসিপেন্টস/কোম্পানির কাছে নথিভুক্ত রয়েছে— যা উপরোক্ত সার্কুলারের ধারা অনুযায়ী। কোম্পানি ১৮ আগস্ট, ২০২০ তারিখে ইমেল মাধ্যমে তা প্রেরণ সম্পূর্ণ করেছেন।

এজিএম অনুষ্ঠানের কারণে কোম্পানির সদস্যগণের খাতা এবং শেয়ার হস্তান্তর খাতা বৃহস্পতিবার, ৩ সেপ্টেম্বর, ২০২০ থেকে বুধবার, ৯ সেপ্টেম্বর, ২০২০ (উভয় দিন–সহ) বন্ধ থাকবে।

এজিএম–তে আলোচ্য বিষয়ে অন্তর্ভুক্ত সমস্ত সিদ্ধান্তে সদস্যরা যাতে বৈদ্যুতিন উপায়ে ই–ভোটিং মাধ্যমে এবং এজিএম চলাকালীন সময়ে ইভোটিং মাধ্যমে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন তার ব্যবস্থা কোম্পানি করেছেন। কোম্পানি, তার শেয়ারহোল্ডারদের ভোটিং সুবিধার জন্য ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)–এর পরিষেবা গ্রহণ করেছেন। রিমোট ই–ভোটিং মাধ্যমে এবং এজিএম চলাকালীন সময়ে ই–ভোটিং–এর পদ্ধতি এবং নির্দেশাবলি বিজ্ঞপ্তিতে দেওয়া হয়েছে। এজিএম–তে আলোচ্য বিষয়ে অন্তর্ভুক্ত সমস্ত সিদ্ধান্ত এনএসডিএল দ্বারা আয়োজিত ই–ভোটিং মাধ্যমে স্থির করা হবে।

রিমোট ই–ভোটিং আরম্ভ হবে শনিবার, ৫ সেপ্টেম্বর, ২০২০ সকাল ৯.০০টায় এবং শেষ হবে মঙ্গলবার, ৮ সেপ্টেম্বর, ২০২০ বেলা ৫.০০টায়। মঙ্গলবার, ৮ সেপ্টেম্বর, ২০২০ বেলা ৫.০০টার পরবর্তী সময়ে এনএসডিএল দ্বারা ই–ভোটিং মডিউল নিষ্ক্রীয় করা হবে এবং তদপরবর্তী সময়ে কোনও ই–ভোটিং গ্রাহ্য হবে না।

কাট অফ তারিখ অর্থাৎ বুধবার, ২ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সদস্যদের ইকুইটি শেয়ার ধরে রাখার অনুপাতে সদস্যদের ভোটাধিকার প্রদান করা হবে। এজিএম–তে বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের সুবিধা পাওয়া যাবে এবং কাট অফ তারিখ অর্থাৎ ২ সেপ্টেম্বর, ২০২০ তারিখের সদস্যদের যারা রিমোট ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেননি কেবলমাত্র তাঁরাই এজিএম–তে ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদানের অধিকারী। ই–ভোটিং সময়ে যে সকল সদস্য ই–ভোটিং মাধ্যমে ভোট প্রদান করেছেন তাঁরা সভায় উপস্থিত থাকতে পারবেন কিন্তু পুনরায় ভোট প্রদান করতে পারবেন না। এজিএম বিজ্ঞপ্তি প্রেরণের পরবর্তী সময়ে যে সকল সদস্য শেয়ার গ্রহণ করেছেন এবং কাট অফ তারিখে শেয়ার ধরে রেখেছেন তাঁরা এনএসডিএল/কোম্পানিকে অনুরোধ জানাবেন **evoting@nsdl.co.in** বা **investors@centuryply.com**–তে যার দ্বারা বৈদ্যুতিন মাধ্যমে ভোট প্রদানের জন্য, সদস্যগণ ইউজার আইডি পাসওয়ার্ড পাবেন। যদি কোনও ব্যক্তি ই–ভোটিং এর জন্য এনএসডিএল–এর কাছে আগেই নথিভুক্ত হয়ে থাকেন সেক্ষেত্রে তিনি ভোট প্রদানের জন্য তাঁর চলতি ইউজার আইডি, পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন। অন্যথায় আপনি যদি এনএসডিএল–এর ই–সার্ভিস যথা আইডিয়াস–তে নথিভুক্ত হয়ে থাকেন, তা হলে আপনার চলতি আইডিয়াস লগ ইন দ্বারা লগ ইন করবেন https://eservices.nsdl.com–তে এবং ই–ভোটিং ওয়েবপেজে পৌঁছোতে পারবেন।

এজিএম বিজ্ঞপ্তি–সহ ই–ভোটিং পদ্ধতি–সহ বার্ষিক প্রতিবেদন কোম্পানির ওয়েবসাইট **www.centuryply.com** এবং এনএসডিএল–এর ওয়েবসাইট **https://www.evoting.nsdl.com**–তে পাওয়া যাবে।

ই–ভোটিং সম্পর্কিত কোনও প্রশ্ন/অভিযোগ থাকলে সদস্যদের ফ্রিকোয়েন্টলি আস্কড কোশ্চেনস এবং শেয়ারহোল্ডারদের ই–ভোটিং ইউজার ম্যানুয়াল দেখতে অনুরোধ করা হচ্ছে যা পাওয়া যাবে এনএসডিএল–এর ই–ভোটিং ওয়েবসাইটের ডাউনলোড বিভাগে বা যোগাযোগ করুন শ্রীমতী পল্লবী মাত্রে, ম্যানেজার, এনএসডিএল, ৫ম তল, ''এ'' উইং, ট্রেড ওয়ার্ল্ড, কমলা মিলস কম্পাউন্ড, সেনাপতি বাপত মার্গ, লোয়ার প্যারেল, মুম্বই–৪০০ ০১৩ যার টেলিফোন নং ৯১২২ ২৪৯৯ ৪৫৪৫/১৮০০–২২২–৯৯০ বা নিঃশুল্ক নং ১৮০০–২২২–৯৯০ বা ইমেল আইডি: **evoting@nsdl.co.in/pallavid@nsdl.co.in** সদস্যগণ কোম্পানির রেজিস্টার্ড অফিসে নিম্নস্বাক্ষরকারীকে লিখতে পারেন বা ইমেল করতে পারেন **investors@centuryply.com** এই সম্পর্কিত বিষয়ের জন্য।

সদস্যগণকে তাঁদের ব্যাঙ্ক বিবরণী, প্যান এবং ইমেল আইডি কোম্পানির কাছে (ফিজিক্যাল শেয়ারহোল্ডিং ক্ষেত্রে) এবং তাদের স্ব স্ব ডিপোজিটরি পার্টিসিপেন্টস–এর কাছে (ডিমেটিরিয়ালাইজড আকারে শেয়ার ধরা থাকলে) আপডেট করতে অনুরোধ করা হচ্ছে।

সেঞ্চুরি প্লাইবোর্ডস (ইন্ডিয়া) লিমিটেডের পক্ষে
স্বা/–
সন্দীপ ঝুনঝুনওয়ালা
কোম্পানি সেক্রেটারি

স্থান: কলকাতা
তারিখ: ১৯.০৮.২০২০

গুডরিক গ্রুপ লিমিটেড®

রেজিস্টার্ড অফিস: 'ক্যামেলিয়া হাউস',
১৪, গুরুসদয় রোড, কলকাতা–৭০০ ০১৯
ই–মেল: goodricke@goodricke.com; ওয়েবসাইট: www.goodricke.com
ফোন নম্বর: ২২৮৭ ৩০৬৭, ২২৮৭ ৮৭৩৭, ২২৮৭ ১৮১৬
ফ্যাক্স নম্বর: (০৩৩) ২২৮৭ ২৫৭৭, ২২৮৭ ৭০৮৯; CIN: L01132WB1977PLC031054

**নোটিস**

১. এতদ্দ্বারা এই নোটিস জারি করা হচ্ছে যে, কোম্পানির সদস্যদের চুয়াল্লিশতম বার্ষিক সাধারণ সভা ('এজিএম') **মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর, ২০২০ দুপুর ২.৩০টায়** (ভারতীয় প্রমাণ সময়) সদস্যদের কোনও প্রকার শারীরিক উপস্থিতি ছাড়াই ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ আদার অডিও ভিস্যুয়াল মিনস ('ওএভিএম')–এর মাধ্যমে আয়োজিত হবে। মিনিস্ট্রি অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (এমসিএ) দ্বারা জারিকৃত যথাক্রমে ৮ এপ্রিল ২০২০, ১৩ এপ্রিল ২০২০ ও ৫ মে ২০২০ তারিখ সংবলিত জেনারেল সার্কুলার নং ১৪/২০২০, ১৭/২০২০ ও ২০/২০২০ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (সেবি) দ্বারা জারিকৃত ১২ মে ২০২০ তারিখ সংবলিত সার্কুলার নং সেবি/এইচও/সিএফডি/সিএমডি১/সিআইআর/পি/২০২০/৭৯ সহ পঠনীয় কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩ ও এর অধীনে গঠিত রুলসমূহ এবং সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়্যারমেন্টস) রেগুলেশনস, ২০১৫–এর প্রযোজ্য সংস্থানসমূহ অনুসারে এই পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

২. এই কোম্পানি বা সেন্ট্রাল ডিপোজিটরি সিকিউরিটিজ (ইন্ডিয়া) লিমিটেড/ ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটরি লিমিটেড (এনএসডিএল)–এর কাছে যে সকল সদস্যের ই–মেল আইডি নিবন্ধীকৃত রয়েছে, তাঁদের প্রতি এই সভায় যোগদান এবং রিমোট ই–ভোটিং সংক্রান্ত দরকারি নির্দেশিকাগুলি সমেত এজিএম আয়োজন সম্পর্কিত নোটিসের কপি ই–মেলের মাধ্যমে ১৯ আগস্ট, ২০২০ পাঠানো হয়েছে। উক্ত ই–মেলে ২০১৯–২০ অর্থবর্ষে এই কোম্পানির রিপোর্ট ও অ্যাকাউন্টসের একটি কপিও সংলগ্ন করে দেওয়া আছে। কোম্পানির ওয়েবসাইটেও এর কপি উপলব্ধ রয়েছে।

৩. কোম্পানির ওয়েবসাইট **www.goodricke.com,** বিএসই লিমিটেডের ওয়েবসাইট **www.bseindia.com** এবং এনএসডিএল–এর ওয়েবসাইট **www.evoting.nsdl.com**–তেও এই সম্পর্কিত তথ্য এবং উক্ত সভার নোটিস উপলব্ধ রয়েছে।

৪. এর পাশাপাশি আরও জানানো যাচ্ছে যে, উক্ত এজিএমে আলোচ্য বিষয়ে অন্তর্ভুক্ত সমস্ত সিদ্ধান্তে সদস্যরা যাতে ইলেকট্রনিক উপায়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন, কোম্পানির তরফে সেই বন্দোবস্ত করা হবে। সদস্যরা এনএসডিএল–এর ইলেকট্রনিক ভোটিং সিস্টেম ব্যবহার করে যে কোনও দূরবর্তী স্থান থেকে নিজেদের ভোট দাখিল করতে পারবেন ('রিমোট ই–ভোটিং')। রিমোট ই–ভোটিং সিস্টেমের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ না–করে থাকলে এজিএমে যোগদানকারী সদস্যরাও যাতে ইলেকট্রনিক ভোটিংয়ের সুবিধা পান, সেই ব্যবস্থা করা হবে। রিমোট ই–ভোটিং সুবিধার মেয়াদ শুরু হবে শনিবার, ১২ সেপ্টেম্বর, ২০২০ বেলা ১০.০০টায় (ভারতীয় প্রমাণ সময়) এবং শেষ হবে সোমবার, ১৪ সেপ্টেম্বর, ২০২০ বিকেল ৫.০০টায় (ভারতীয় প্রমাণ সময়)। নির্ধারিত এই তারিখ ও সময়ের আগে বা পরে রিমোট ই–ভোটিংয়ের সুবিধা মিলবে না। নির্ধারিত কাট–অফ তারিখ অর্থাৎ, ৮ সেপ্টেম্বর, ২০২০ অনুযায়ী যে ব্যক্তির নাম সদস্যদের রেজিস্টার বা সুবিধাভোগী স্বত্বাধিকারীদের তালিকাভুক্ত থাকবে, কেবলমাত্র তাঁরাই রিমোট ই–ভোটিং অথবা এজিএম চলাকালীন ই–ভোটিংয়ের অনুমতি পাবেন। ইলেকট্রনিক মোড বা ফিজিক্যাল মোডে শেয়ার ধরে রেখেছেন এমন সদস্যরা এবং নিজেদের ই–মেল আইডি নিবন্ধন করাননি এমন সদস্যরা কীভাবে রিমোট ই–ভোটিংয়ে অংশ নেবেন, সেই পদ্ধতির বর্ণনা এজিএম–এর নোটিসে দেওয়া আছে। এই নোটিস পাঠানোর পর যে ব্যক্তি এই কোম্পানির শেয়ার গ্রহণ করেছেন এবং কোম্পানির সদস্য হয়েছেন এবং নির্ধারিত কাট–অফ তারিখ অনুযায়ী শেয়ার ধরে রেখেছেন, তিনি **evoting@nsdl.co.in** আইডি–তে অনুরোধজ্ঞাপক ই–মেল পাঠিয়ে নিজের লগ ইন আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহ করতে পারবেন। অবশ্য, কোনও সদস্য ইতিমধ্যেই রিমোট ই–ভোটিংয়ের জন্য এনএসডিএল–এর কাছে নিবন্ধীকৃত থাকলে তিনি নিজের ভোট দেওয়ার জন্য বিদ্যমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করতে পারেন। নিজের পাসওয়ার্ড ভুলে গেলে তিনি https://www.evoting.nsdl.com ওয়েবসাইটে গিয়ে 'Forget User Details/ Password?' বা 'Physical User Reset Password?' অপশন ব্যবহার করে নিজের নতুন পাসওয়ার্ড তৈরি করে নিতে পারেন। কোম্পানির ওয়েবসাইট এবং এনএসডিএল–এর ওয়েবসাইটে দেওয়া এই এজিএম–এর নোটিসেও ইউজার আইডি এবং পাসওয়ার্ড সংগ্রহের পদ্ধতি বিশদে উল্লেখ করা আছে।

৫. কোনও সদস্য রিমোট ই–ভোটিংয়ের মাধ্যমে নিজের ভোটাধিকার প্রয়োগ করে থাকলেও ভিসি/ওএভিএম পদ্ধতির মাধ্যমে এই এজিএমে যোগ দিতে পারবেন, কিন্তু উক্ত এজিএমে তিনি পুনরায় ভোট দিতে পারবেন না। ডিমেটিরিয়ালাইজড শেয়ার ধরে রাখা এবং নিজের ই–মেল আইডি রেজিস্টার করাননি এমন সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে, নিজ নিজ ডিপোজিটরি পার্টিসিপ্যান্ট(গণ)–এর কাছে নিজের ই–মেল আইডি আপডেট/রেজিস্টার করিয়ে নিন এবং ফিজিক্যাল শেয়ার ধরে রাখা সদস্যদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে, ফোলিও নম্বর, শেয়ারধারকের নাম ও প্যান কার্ডের একটি স্ব–প্রত্যয়িত কপি সহ কোম্পানির **subrata@goodricke.com** অথবা সি বি ম্যানেজমেন্ট সার্ভিসেস প্রাইভেট লিমিটেড–এর **rta@cbmsl.com** আইডি–তে অনুরোধজ্ঞাপক চিঠিরূপে ই–মেল পাঠিয়ে নিজের ই–মেল আইডি আপডেট/রেজিস্টার করিয়ে নিন।

৬. ইলেকট্রনিক উপায়ে ভোটদান বা এজিএমের আগে কিংবা এজিএম চলাকালীন প্রযুক্তিগত সহায়তা সংক্রান্ত প্রশ্নের ব্যাখ্যা পেতে/ অভিযোগ জানাতে আগ্রহী সদস্যদের www.evoting.nsdl.com ওয়েবসাইটের ডাউনলোড সেকশনে Frequently Asked Questions (FAQs) for Shareholders and e-voting user manual for Shareholdres অংশটি দেখতে অনুরোধ করা হচ্ছে অথবা তাঁরা যোগাযোগ করতে পারেন শ্রীমতী পল্লবী মাত্রে, ম্যানেজার, এনএসডিএল, ট্রেড ওয়ার্ল্ড, 'এ' উইং, ৪র্থ তল, কমলা মিলস কম্পাউন্ড, সেনাপতি বাপট মার্গ, মুম্বই–এর সঙ্গে অথবা ১৮০০–২২২–৯৯০ টোল ফ্রি নম্বর বা ০২২–২৪৯৯ ৪৫৪৫ টেলিফোন নম্বরে কথা বলতে পারেন অথবা **evoting@nsdl.co.in** আইডি–তে ই–মেল পাঠাতে পারেন যেখানে ইলেকট্রনিক ভোটিং সম্পর্কিত অভিযোগগুলি মীমাংসা করা হবে। এর পাশাপাশি সদস্যরা এই কোম্পানির **subrata@goodricke.com** ই–মেল আইডিতেও লিখে জানাতে পারেন।

গুডরিক গ্রুপ লিমিটেড–এর পক্ষে
এস ব্যানার্জি
ভাইস প্রেসিডেন্ট এবং কোম্পানি সেক্রেটারি
ACS – 4359

তারিখ: ২০ আগস্ট, ২০২০
স্থান: কলকাতা

নিজশ্রী

**নিজের বাড়ির স্বপ্নকে বাস্তব রূপদানের জন্য**

পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ



লটারির মাধ্যমে নিম্নবিত্ত ও মধ্যবিত্তদের ভর্তুকিযুক্ত মূল্যে ফ্ল্যাট বণ্টন

| ১ বি এইচ কে (BHK) ফ্ল্যাট | ২ বি এইচ কে (BHK) ফ্ল্যাট |
|---|---|
| মূল্য–৭.২০ লাখ টাকা | মূল্য–৯.২৮ লাখ টাকা |
| পরিমাপ–৩৭৮ বর্গ ফুট | পরিমাপ–৫৫৯ বর্গ ফুট |
| অ্যাপ্লিকেশন ফি–২,৫০০ টাকা | অ্যাপ্লিকেশন ফি–৫,০০০ টাকা |

**নিজশ্রী প্রকল্পের প্রস্তাবিত স্থান**

১. R.H.E, বিষ্ণুপুর, ওয়ার্ড নং ১৮, জেলা বাঁকুড়া
২. R.H.E, বাঁকুড়া

জমি ও জমির পরিকাঠামোগত উন্নয়ন, রাস্তা নির্মাণ, চৌহদ্দি প্রাচীর, বহিঃবৈদ্যুতিকরণ নিষ্কাশন প্রণালী নির্মাণ, জলসরবরাহ প্রভৃতি বাবদ খরচ উপভোক্তাদের বহন করতে হবে না।

**শর্তাবলী**

- আবেদনকারীর নিজের বা পরিবারের নামে এই রাজ্যে কোনো পাকা বাড়ি থাকা চলবে না
- আবেদনকারীকে সংশ্লিষ্ট জেলার বাসিন্দা হতে হবে
- পারিবারিক সর্বোচ্চ মাসিক আয় ১ বি এইচ কে-র জন্য ১৫,০০০ টাকা ও ২ বি এইচ কে-র জন্য ৩০,০০০ টাকা

বিশদ তথ্যের জন্য যোগাযোগ করুন
**জেলাশাসক বা মহকুমা শাসকের দপ্তরে অথবা লগ ইন করুন**
**www.wbhousing.gov.in**
যোগাযোগ: ৯৪৭৫৯০০০২৭ (DPLO, Bankura)/ ৯৮৭৪৮৪৭৯৮৮ (E.E. Housing Department, Bankura)

**আবেদনপত্র গ্রহন করার সময়সীমা ২৮/০৮/২০২০ থেকে ৩০/০৯/২০২০**
আবেদনপত্র কোথায় পাওয়া যাবে
**বাঁকুড়া ঃ ১ বি এইচ কে ফ্ল্যাট - R.H.E, বাঁকুড়া- এর জন্য ঃ-**
ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ১) বাঁকুড়া ব্রাঞ্চ ২) কদমাঘাটি ব্রাঞ্চ ৩) প্রতাপবাগান ব্রাঞ্চ ৪) খাতড়া ব্রাঞ্চ
**বিষ্ণুপুর ঃ ২ বি এইচ কে ফ্ল্যাট - R.H.E, বিষ্ণুপুর- এর জন্য ঃ-**
ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়া - ১) বিষ্ণুপুর ব্রাঞ্চ ২) ওন্দা ব্রাঞ্চ ৩) রামসাগর ব্রাঞ্চ ৪) খাতড়া ব্রাঞ্চ

Memo No - 644/1(3)/ADV/INF/BNK Dt.- 19.08.2020